বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম ইপিজেড

অর্থনীতি

এসএসসি ২০২২

মডেল টেস্ট -১

সময়ঃ ১ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান : ৩০

সৃজনশীল প্রশ্ন (২ ×১০)

১| জনাব জিয়া একজন পোশাক কারখানার মালিক। কারখানার ভাল মুনাফার কারনে তার অন্য ব্যবসায়ী বন্ধুরা একটি নতুন পোশাক কারখানা স্থাপন করেন। বছর শেষে দেখা গেল তার বন্ধুদের কারখানা লোকসানের সম্মুখিন হয়। যার কারনে তাদের কারখানা বন্ধ করে দিতে হল। অন্যদিকে জনাব হারুন তার দেশে একটি গাড়ি কারখানা স্থাপন করতে চাইল। কিন্তু সরকার অনুমতি দিল না। তার দেশের সকল কারখানা সরকার পরিচালনা করে।

ক) মুদ্রাস্ফিতি কাকে বলে?
খ) "সুযোগ ব্যয়" ধারনাটি ব্যাখ্যা কর।
গ) জনাব জিয়ার দেশে যে ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান তা ব্যাখ্যা কর।
ঘ)জনাব হারুন এর দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার সাদৃশ্যপূর্ণ কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।

২। কবি কাজী নজরুল ইসলাম একজন বিদ্রোহী কবি। তার অসাধারণ প্রতিভা বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে। কিন্তু অর্থনীতির দৃষ্টিকোণ থেকে কবি নজরুলের প্রতিভা এবং জ্ঞান সম্পদ হিসেবে বিবেচিত হয় না। এছাড়া আমাদের দেশে যতটুকু সম্পদ রয়েছে তার সুষ্ঠু ব্যবহারে সকলের যত্নবান হওয়া উচিত।

ক) সম্পদ কী?
খ) সম্পদের প্রদান বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।
গ) উদ্দিপকে উল্লিখিত কবি কাজী নজরুলের প্রতিভা কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর।
ঘ) বাংলাদেশের উন্নয়নে সম্পদের সুষ্ঠু ব্যবহারে দক্ষ মানবসম্পদ তৈরি প্রয়োজন - ব্যাখ্যা কর।

বহুনির্বাচনি অংশ- ১০

১। মুদ্রাস্ফীতি ও বেকারত্বের মধ্যে কীরূপ সম্পর্ক?
ক) সমমুখী খ) সম্পর্কহীন গ) বিপরীতমুখী ঘ) উর্ধ্বমুখী

২। অর্থনীতি হলো সম্পদের বিজ্ঞান - উক্তিটি কে করেছেন।
ক) David Ricardo খ) Adam Smith গ) L. Robins. ঘ) Samuelson

নিচের **উদ্দিপক** থেকে **৩ ও ৪ নং** প্রশ্নের উত্তর দাও
কিউবা একটি সমাজতান্ত্রিক রাষ্ট্র। কিউবায় সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা চালু আছে। কিউবার বেশিরভাগ প্রতিষ্ঠানের মালিকানা রাষ্ট্রের।

৩। উক্ত অর্থব্যবস্থার বৈশিষ্ট্য নয়।
i)সম্পদের ব্যাক্তি মালিকানা ii)সম্পদের রাষ্ট্রীয় মালিকানা iii)কেন্দ্রীয় পরিকল্পনার অভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। উক্ত অর্থনীতিতে ভোক্তার স্বাধীনতা
ক) উপস্থিত খ) অনুপস্থিত গ) ক ও খ গ) কোনটিই নয়

৫) অর্থনীতিতে কয় ধরনের প্রতিনিধি থাকে?
ক) ৩ খ) ২ গ) ৫ ঘ) ৪

৬) কোন অর্থব্যবস্থায় সুদ বিহীন ব্যাংক আমানতের কথা বলা হয়েছে?
ক) সমাজতান্ত্রিক খ) পুঁজিবাদী গ) মিশ্র ঘ) ইসলামি

৭) 'যন্ত্রপাতি' কোন ধরনের সম্পদ?
ক) মানবিক খ) উৎপাদিত গ) প্রাকৃতিক ঘ) কৃষি

৮) ঘোড়াশাল তাপ বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
ক) কুষ্টিয়া খ) নারায়ণগঞ্জ গ) নরসিংদী ঘ) সিলেট

৯) 'দুধ ও চিনি' কোন ধরন এর দ্রব্য?
ক) ভোগ্য দ্রব্য খ) অবাধলভ্য দ্রব্য গ) মধ্যবর্তী দ্রব্য ঘ) স্থায়ী দ্রব্য

১০) কোনটি সেবা খাত?
ক) পর্যটন খ) পশু পালন গ) তৈরি পোশাক ঘ) মাছ বিক্রি